উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## অক্টোবর/২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ২৫ অক্টোবর, ২০২২ খ্রিঃ |
| সময় | : | সকাল: ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে সেপ্টেম্বর/২২ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৩,২৯,৬৬,৯৯৪ টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে ১৭,৮৮,০০০ টাকা পাওয়া গেছে। এবং উক্ত ১ম কিস্তির টাকাকে চার গুণ করে সম্ভাব্য ৭১,৫২,০০০ টাকা ধরে সর্বমোট (৩,২৯,৬৬,৯৯৪+৭১,৫২,০০০) = ৪,০১,১৮,৯৯৪ (চার কোটি এক লক্ষ আঠারো হাজার নয়শত চুরানব্বই) টাকার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করা যাবে। সেই প্রেক্ষিতে সঠিক সময়ে কাজ বাস্তবায়ন এবং কাজের গুণগত মান ঠিক রাখার স্বার্থে উক্ত টাকার বিপরীতে দ্রুত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সুপারিশ করেন। তিনি সভায় আরো বলেন যে, উপজেলা পরিষদের বিভিন্ন ভবনের মেরামত এর জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে যথাযথ প্রক্রিয়ায় আবেদনের সাপেক্ষে ৪০ লক্ষ টাকা পর্যন্ত বরাদ্দ পাওয়া সম্ভব। এছাড়া অত্র উপজেলার আওতাধীন রাস্তা ভেঙ্গে গেলে অত্র দপ্তরকে দ্রুত অবহিত করার জন্য সকল ইউপি চেয়াম্যানবৃন্ধকে অনুরোধ জানান। এবং জরুরী প্রয়োজনে রাস্তাঘাট মেরামত ও অন্যান্য কাজ বাস্তবায়ন করার জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী থেকে অর্থ বরাদ্দ রাখার বিষয়ে তার মতামত ব্যাক্ত করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে সম্ভাব্য প্রাপ্ত টাকা সহ সর্বমোট (৩,২৯,৬৬,৯৯৪+৭১,৫২,০০০) = ৪,০১,১৮,৯৯৪ (চার কোটি এক লক্ষ আঠারো হাজার নয়শত চুরানব্বই) টাকার উন্নয়ন মূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ভবন মেরামতের জন্য প্রয়োজনীয় কাগজপত্র তৈরি পূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া বিভিন্ন ইউনিয়নের রাস্তা ঘাটের কোন ক্ষয়ক্ষতি বা দ্রুত মেরামতের প্রয়োজন হলে দ্রুত উপজেলা প্রকৌশলী সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |

| | | |
|---|---|---|
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২৪ অক্টোবর, ২০২২ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৮০%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৭৬% এবং ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ৫৫%। এছাড়া ৫-১১ বছর বয়সীদের টিকা প্রয়োগ করা হয়েছে ২৪,০০০ জন। নতুন করে আরো ১০,০০০ টিকা পাওয়া গেছে। এছাড়া গত ২৪ ঘন্টায় করোনা শনাক্তের হার-০০% । | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রোপা আমন মৌসুমে ৩১,৪৭০ হেক্টর জমিতে রোপা আপন ধান চাষ করা হয়েছে এবং ইতিমধ্যে রোপা আমন ধানের কর্তন শুরু হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ০৭-২৮ অক্টোবর/২২ পর্যন্ত ইলিশ ধরা, বিক্রয়, পরিবহন, মজুদ ও বিনিময় নিষিদ্ধ। এ লক্ষ্যে জামালপুর সদর উপজেলায় মাইকিং, লিফলেট বিতরণ করা হয়েছে। এছাড়া বাজারে অভিযান, পরিদর্শন ও সচেতনতামূলক সভা করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সুষ্ঠুভাবে চলছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, দাপ্তরিক কার্যক্রম যেমন, চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া চলতি মাসে গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,৪৮৮টি, হাঁস মুরগী ২৯,৫৬১টি, পোষা পাখি পশু-৭টি এবং গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৪,৭২৪টি এবং হাঁস মুরগী ৫০,৮০০টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,৫৭৫ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ১০ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০২টি। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ২৮/০৯/২০২২খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা-১,৩৬,৩২০ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০০ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -১৩। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -৪২ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ৪৯ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এফডব্লিউসি)- ১৫ জন এবং প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি)-২১ জন। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসনঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের টি.আর/কাবিখার প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। এবং ইউনিয়নওয়ারী বিভাজন দেওয়া হয়েছে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প | ২০২২-২৩ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ দ্বারা সরকারি নির্দেশনা মোতাবেক | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |

| | | |
|---|---|---|
| তালিকা জমা প্রদান পূর্বক কাজ শুরু করার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। | প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| **৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, ২০২২ সালের এস.এস.সি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে এবং ২০২২ সালের এইচ এস সি ও সমমানের পরীক্ষা আগামী ৬ নভেম্বর ২০২২খ্রিঃ তারিখে শুরু হবে এছাড়া আগামী ২৭ অক্টোবর বাংলাদেশ শিক্ষক দিবস/২০২২ উদযাপিত হবে। ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক আশা শুরু হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। | সরকারি নির্দেশনা মেনে পরিক্ষা সহ ক্রীড়া প্রতিযোগীতা সহ সকল শিক্ষা কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| **৯। শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, শিক্ষার্থীদের ইউনিক আইডির কাজ চলমান রয়েছে। অন লাইনে বিদ্যালয় ভিত্তিক উপবৃত্তির চাহিদা সাবমিট করা হয়েছে। অন লাইন পদ্ধতিতে শিক্ষক বদলীর কাজ চলমান রয়েছে। ডিজিটাল ক্লাশরুম স্থাপনের লক্ষ্যে পাইলটিং হিসাবে হনুমানের চর সঃ প্রাঃ বিদ্যালয় ও দঃ ভাগড়া সঃ প্রাঃ বিদ্যালয় এ শিক্ষার্থীদের ব্যবহার করার জন্য ৩০টি করে ল্যাপটপ প্রদান করা হয়েছে। কোভিড-১৯ ভ্যাকসিন (৫-১১) বছর বয়সী শিক্ষার্থীদের গত ১১-১০-২২খ্রিঃ থেকে শুরু হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যালয়ের শ্রেনি কার্যক্রম সঠিক ভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা যাচাই করার জন্য উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা কর্তৃক পরিদর্শন জোরদার করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| **১০। মহিলা বিষয়ক বিভাগঃ**<br>**অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।** | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| **১১। সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, অত্র উপজেলার সকল বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মধ্যে যারা মৃত, অযোগ্য রয়েছে তাদের দ্রুত প্রতিস্থাপনের জন্য আলোচনা হয়। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বরাদ্দ অধিদপ্তর হতে আসা মাত্রই অবগত করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে দ্রুত মৃত, অযোগ্য ভাতাভোগীদের প্রতিস্থাপন পূর্বক নগদ একাউন্ট সহ সমাজসেবা কার্যালয়ে প্রেরনের অনুরোধ জানান। | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |
| **১২। যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ৮,৮৫,০০০ টাকা। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩ জন। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ১,৮০,৯৩৫ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। ১ম ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৩০ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন, অক্টোবর/২২ মাসের ঋণ বিতরণ করা হয়েছে ০০ লক্ষ টাকা এবং আদায় ২.৩৬ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে ১০৬০.৩৮ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জত ঋণ আদায় ৯২৯.৫৬ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিআরডিবি বিভাগের আওতায় বিভিন্ন ঋণ বিতরণ ও প্রশিক্ষণ ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় তিন অর্থ বছরের বরাদ্দ ১১৭০টি সাবমার্সিজিবল পাম্পযুক্ত গভীর নলকুপের বরাদ্দ পাওয়া গেছে। এরমধ্যে ১১৩২ টি গভীর নলকুপের বোরিং এর কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৩৮ টি সাবমার্সসিবল পাম্পযুক্ত গভীর নলকুপের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি ওয়াশব্লকের মধ্যে ১৬ টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে বাকী ০৪টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৫টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৫টি কাজ সমাপ্ত হয়েছে এবং ৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ ৮০% শেষ হয়েছে। বাকী ০২টির কাজ শুরু হয়নি। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় (১ম পর্যায়) এর আওতায় ১১টি বরাদ্দ পাওয়া গেছে যার মধ্যে ৩টির কাজ সমাপ্ত হয়েছে এবং ০৮টির কাজ চলমান রয়েছে। এছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে ১ম পর্যায়ে ৪৩টি সাবমার্সিজিবল অগভীর নলকূপ ও ২য় পর্যায়ে ২৩টি ৬নং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। যার মধ্যে ১ম পর্যায়ে ৪৩টি বোরিং এর কাজ সম্পন্ন হয়েছে এবং ৪৩টি প্লাটফরমের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ২য় পর্যায়ে ২৭টি ৬নং অগভীর নলকূপ এর মধ্যে ২২টির বোরিং কাজ সম্পন্ন হয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| **১৬। খাদ্য বিভাগ:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| **১৭। বন বিভাগ:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| **১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেরট (ইউডিএফ) সভায় জানান যে, ইউজিডিপির আওতায় (৫ম পর্যায়ে) এর বাস্তবায়নের জন্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার ০৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিল/ভাউচার প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ে উপজেলা পরিষদের দক্ষতা মূল্যায়নের অনলাইন ভিত্তিক প্রশিক্ষণটি সফলভাবে সম্পন্ন হয়েছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ উপজেলা পরিষদের অনলাইন মূল্যায়নটি সুন্দরভাবে বরার নিমিত্তে সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |

<table>
<tr><td>১৮। বিএডিসি (সেচ)<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td><td>সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর।</td></tr>
<tr><td>১৯। পাট উন্নয়ন কর্মকর্তা:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td><td>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর।</td></tr>
<tr><td>২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর।</td></tr>
<tr><td>২১। পল্লী সঞ্চয় ব্যাংক:<br>ব্যাঞ্চ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় বলেন যে, অক্টোবর/২২ মাসের পল্লী সঞ্চয় ব্যাংক, জামালপুর সদর এ মোট ঋণ বতরণ করা হয়েছে ১৬০.০০ লক্ষ টাকা এবং ঋণ আদায় হয়েছে ১৮১.৮১ লক্ষ টাকা। উপজেলার পৌরসভা সহ ১৫টি ইউনিয়নে বিতরণ এবং আদায় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে চলমান রয়েছে।</td><td>সরকারি নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণ কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>ব্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর জামালপুর।</td></tr>
<tr><td>২২। বিবিধ:<br><u>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) বিদ্যুৎ বিল পরিশোধ।<br>(৬) আসবাবপত্র মেরামত।</td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত, বিদ্যুৎ বিল পরিশোধ ও আসবাব মেরামত করার সিদ্ধান্ত অনুমোদন করা হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td></tr>
<tr><td><u>(খ) হাটবাজার সম্পর্কিত:</u><br>সভায় ১৪২৭-২৮ বাংলা সনের হাট বাজার ইজারা লব্দ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য আলোচনা করা হয়। (১) ০৭ নং ঘোড়াধাপ ইউনিয়নে ভারুয়াখালী বাজারে মাটি ভরাট- ৭২,৮২৫ টাকা।</td><td>বিস্তারিত আলোচনান্তে (১) ০৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের ভারুয়াখালী বাজারে মাটি ভরাট বাবদ- ৭২,৮২৫ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী<br>ও সংশ্লিষ্ট কমিটি।</td></tr>
<tr><td><u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ২৯ সেপ্টেম্বর/২০২২ থেকে ২৪ অক্টোবর/২২ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<table><tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr><tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৯,০০০</td></tr><tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৩,০০০</td></tr></table></td><td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২৯ সেপ্টেম্বর/২০২২ থেকে ২৪ অক্টোবর/২২ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট</td><td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| আনসারের বেতন | ৮,৩৩৩ | ১১,১৫,০৬৪ (এগার লক্ষ পনের হাজার চৌষট্টি) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | |
| আপ্যায়ন | ৩৭,৯৮০ | | |
| বাসাবাড়ী ও অফিস মেরামত | ১,৩১,৭৮১ | | |
| ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত | ৮৬,৫২৮ | | |
| পুকুর ভরাট কাজের বিল প্রদান | ৪,৫০,৮৮০ | | |
| অফিস স্টেশনারী | ৪,৯৮০ | | |
| আনসার গার্ডরুম নির্মাণ | ১,০০,০০০ | | |
| জাতীয় দিবস উদযাপন | ১৬,৬০০ | | |
| অপ্রত্যাশিত খাত | ৩০,০০০ | | |
| উপজেলা সম্প্রিতি সভা উদযাপন | ২৫,০০০ | | |
| আসবাবপত্র মেরামত | ১৭,২০০ | | |
| জীপ গাড়ীর জ্বালানী বিল | ৩৩,৭৮২ | | |
| বিদ্যুৎ বিল | ৫০,০০০ | | |
| সর্বমোট | ১১,১৫,০৬৪ | | |
| **২৩। ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ:** (ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ বিধিমালা মোতাবেক (ক) ০১ নং কেন্দুয়া ইউনিয়ন পরিষদের জন্য শ্রী নিরঞ্জন রবিদাস,পিতা: শ্রী লছু রবিদাস (খ) ০২ নং শরিফপুর ইউনিয়ন পরিষদের জন্য ১। নজরুল ইসলাম, পিতা: মো: মনির উদ্দিন ২। আব্দুল কাদির, পিতা: মো: খোকন মিয়া (গ) ০৫ নং ইটাইল ইউনিয়ন পরিষদের জন্য ১। আশিক চন্দ্র, পিতা: শংকর রবিদাস ২। মো: খলিল, পিতা: আক্তার আলী ৩। রাজিব, পিতা: ভুট্রো রবিদাস ৪। সজিব রবিদাস, পিতা: হিরুয়া রবিদাস (ঘ) ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদের জন্য ১। মো: মাসুদ হোসেন, পিতা: জহির মাহমুদ, ২। শ্রী দিলীপ রবিদাস, পিতা: শ্রী দৌলত রবিদাস জামালপুর সদর জামালপুরকে প্রাথমিক ভাবে নির্বাচিত করা হয়।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো বলেন যে, ইটাইল ইউনিয়ন পরিষদের সুলতান মাহমুদ, পিতা: মাদু মন্ডল, দমদমা, জামালপুর সদর, জামালপুরকে মহল্লাদার থেকে দফাদার হিসাবে প্রমোশনের জন্য প্রাথমিক ভাবে সুপারিশ করা হয়। | | (ক) বিস্তারিত আলোচনান্তে (ক) ০১ নং কেন্দুয়া ইউনিয়ন পরিষদের জন্য শ্রী নিরঞ্জন রবিদাস,পিতা: শ্রী লছু রবিদাস (খ) ০২ নং শরিফপুর ইউনিয়ন পরিষদের জন্য ১। নজরুল ইসলাম, পিতা: মো: মনির উদ্দিন ২। আব্দুল কাদির, পিতা: মো: খোকন মিয়া (গ) ০৫ নং ইটাইল ইউনিয়ন পরিষদের জন্য ১। আশিক চন্দ্র, পিতা: শংকর রবিদাস ২। মো: খলিল, পিতা: আক্তার আলী ৩। রাজিব, পিতা: ভুট্রো রবিদাস ৪। সজিব রবিদাস, পিতা: হিরুয়া রবিদাস (ঘ) ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদের জন্য ১। মো: মাসুদ হোসেন, পিতা: জহির মাহমুদ, ২। শ্রী দিলীপ রবিদাস, পিতা: শ্রী দৌলত রবিদাস জামালপুর সদর, জামালপুরকে মহল্লাদার পদে স্থায়ী ভাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) বিস্তারিত আলোচনান্তে ইটাইল ইউনিয়ন পরিষদের সুলতান মাহমুদ, পিতা: মাদু মন্ডল, দমদমা, জামালপুর সদর, জামালপুরকে মহল্লাদার থেকে দফাদার হিসাবে প্রমোশনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার জামালপুর সদর, জামালপুর।<br>২) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও

কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
পজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২২- ১০৪৯ তারিখ: ২৫ অক্টোবর, ২০২২ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা..............................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ..............................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..............................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd